

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯০৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বংশগৌরব ও পক্ষপাতিত্ব

আরবী

وطلة بن الأسقع قالَ: قُلْتُ: يَا رَسُولَ اللّهِ مَا الْعَصَبِيَّةُ؟ قَالَ: «أَنْ تُعِينَ قَوْمَكَ عَلَى الظُّلْم» رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৯০৫-[১৩] ওয়াসিলাহ্ ইবনুল আসকা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলামঃ হে আল্লাহর রসূল! "আসাবিয়্যাহ্" কি? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ 'আসাবিয়্যাহ্ হলো তোমার গোত্রকে অন্যায়ের কাজে সাহায্য করা। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৫১১৯, ইবনু মাজাহ ৩৯৪৯।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "ওয়াসিলাহ্-এর কন্যাকে" চেনা যায় না। কেউ কেউ তার নাম দিয়েছে ফাসীলাহ্ আর সালামাহ্ ইবনু বিশ্র আদ্ দিমাশ্কী মাজহূলুল হাল। ইবনু হিবরান ব্যতীত কেউ তাকে বিশ্বস্ত বলেননি। এ হাদীসে ইমাম যাহাবী (রহিমাহুল্লাহ) তাকে মুদাল্লিস বলেছেন। বিস্তারিত দেখুন- গয়াতুল মারাম ১৮৭ পৃঃ, হাঃ ৩০৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنْ تُعِينَ قَوْمَكَ عَلَى الظُّلْمِ) অর্থাৎ তোমার কর্তব্য হলো হাকের প্রতিনিধিত্ব করা। যার মাঝে হক আছে কোন চিন্তা-ভাবনা না করেই তাকে সমর্থন করা। এ বিষয়ে জাবির হতে মারফূ' সূত্রে একটি হাদীস বর্ণিত হয়েছে-



انْصرُ أَخَاكَ ظَالِمًا أَوْ مَظْلُومًا إِنْ يَكُ ظَالِمًا فَارْدُدْهُ عَنْ ظُلْمِهِ، وَإِنْ يَكُ مَظْلُومًا، فَانْصرُهُ

"তুমি তোমার ভাইকে সাহায্য কর সে যালিম হোক বা মাযলূম হোক। যদি সে যালিম হয় তবে তাকে জুলুম করা থেকে বিরত রাখ। আর যদি সে মাযলূম হয় তবে তুমি তাকে সাহায্য কর"- (আবূ দাউদ)। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন